# Office of the Guskara Municipality
## P.O.:- Guskara, Dist :- Burdwan

**Memo No. :- 224/G.M.** **Dated Guskara, the 02-06-2009**

## Notice

Application are invited from the Qualified Candidates for the following post at the Community Based Primary Health Care Services on contractual basis at the Guskara Municipality under HHW Scheme.

**Particulars :-**

1) The application should be made in favour of the Chairman, Guskara Municipality.
2) The applicant should have the resident at this Municipality.
3) The age of the candidates must not exceed 35 years as on 01/06/2009.
4) One candidate should not apply for different post.
5) The Qualification / Experience / and the contractual pay etc. are mentioned below against each category of post.

| Sl. No | Category of Staff | Educational Qualification | Experience | No. to be Recruited | Contractual Pay |
|---|---|---|---|---|---|
| 1 | Sanitary Inspector | H.S. & Certificate Course in the Subject specific | 2 Years in the related field | 01 | Rs. 5500/- P.M |
| 2 | Computer Asstt. | Graduate from a Recognised University and course in Computer Technology. | Knowledge in M.S. Office, Tally 7.2 etc. | 01 | Rs. 5000/- P.M. |
| 3 | Accounts Asstt. | Graduate from a Recognised University | Adequate experience handling accounts independently and knowledge in accountings Govt. /Semi-Govt. Offices | 01 | Rs. 5000/- P.M. |
| 4 | Multi purpose Helper-Cum-S.K. Clerk | Graduate from any Recognised University | Adequate knowledge and experience in office work in Govt. / Semi-Govt. offices | 01 | Rs. 5000/- P.M. |
| 5 | Health Assistant | Madhyamik | Adequate Knowledge and experience in community based health programme for 2 Years | 01 | Rs. 5000/- P. M. |

6) The application should bear the experience Certificate, Qualification Certificate and also the residential certificate.
7) The last date for submission of application is on 22/06/09 upto 4 PM and that should be dropped in a particular Box at Health Section.
8) Selection should be made through written and oral test by the Selection Committee,
9) A Proforma for the said application is enclosed herewith for ready reference.

Garai 02.6.09
( Chanchal Garai)
Chairman
Guskara Municipality

Guskara Municipality Estd.-1988 Guskara, Burdwan

Memo No. 224/1(28)/G.M. Dated, Guskara, the 2nd June, 2009

Copy forwarded for information and taking necessary action for wide publicity to :-

1) The Director, State Urban Development Agency, Kolkata – 700106.
2) The Chief Medical Officer of Health, Burdwan.
3) Smt. Mallika Chongder, Vice-Chairman, Guskara Municipality.
4) The Executive Officer, Guskara Municipality.
5) Smt. Kalpana Mondal, President, Health & Education Standing Committee, Guskara Municipality.
6-16) Sri / Smt.................................................., Councillor, Ward No.............. Guskara Municipality.
17) The Sabhapati, Ausgram – 1 No. Panchayat Samity, Guskara.
18) The Executive Officer, Ausgram- 1 No. Block, Guskara.
19) The Station Manager, WBSEDCL, Guskara Gr. Electric Supply, Guskara.
20) The Medical Officer, Guskara PHC, Guskara.
21) The Station Master, Guskara Railway Station, Guskara.
22) The Post Master, Guskara Post Office, Guskara.
23) The SAE, PWD, Guskara.
24) The BL & LRO, Ausgram – 1 No. Block, Guskara.
25) The Principal, Guskara Mahavidyalay.
26) Dr. Subrata Ghosh, Guskara, Burdwan.
27) Office Notice Board, Guskara Municipality.
28) The Head Clerk, Guskara Municipality.

Garai 02.6.09
( Chanchal Garai )
Chairman
Guskara Municipality

Guskara Municipality Estd.-1988 Guskara, Burdwan

To,
The Chairman,
Guskara Municipality,
P.O. – Guskara , Dist.- Burdwan.

PHOTO

Sub:- Application for the Post of ____________________
Under HHW Scheme on Contractual Basis.

Ref :- Your Notice vide Memo No. 224/G.M. dated 02-06-09.

Sir,

In response to your Notice dated 02.06.2009, I offer myself as a candidate for the said post and my particulars are furnished below :

1) Name (In Block Letter) :

2) Father's / Husband's Name :

3) Date of Birth :

4) Age as on 01/06/2009. :

5) Address :

6) Sex :

7) Educational Qualification :

8) Extra Qualification (if any) :

9) Experience :

10) Knowledge on Computer Technology :

Enclo : All Testimonials :

Yours faithfully,

Date :

Guskara, Burdwan.

Signature of the Candidate

SUDA

# STATE URBAN DEVELOPMENT AGENCY

**HEALTH WING**

**"ILGUS BHAVAN"**

H-C BLOCK, SECTOR-III, BIDHANNAGAR, CALCUTTA-700 091

West Bengal

o/c

Ref No. SUDA-Health/63 ULBs/07/548 Date ....13.11.2007

From : Director, SUDA

To : The Chairman
Guskara Municipality

Sub. : Recruitment of contractual Health employee for M & S Cell under Community Based Primary Health Care Services.

Ref. : Your communication bearing memo no. 396/GM dt. 02.07.2007.

Sir,

I am directed to inform you that Municipal Level Health & FW Committee (MHFWC) may recruit the contractual personnel for M & S Cell under Community Based Primary Health Care (CBPHC) Services. This is further to say that selection of such personnel of other ULBs was done by MHFWC.

Thanking you.

Yours faithfully,

Director, SUDA

C:\Dr. Goswami\RCH-63 ULBs\Letter Head ULBs(1).doc

DRAFT

SUDA

# STATE URBAN DEVELOPMENT AGENCY


**HEALTH WING**

**"ILGUS BHAVAN"**

H-C BLOCK, SECTOR-III, BIDHANNAGAR, CALCUTTA-700 091

West Bengal


*Ref No.* **SUDA-Health/63 ULBs/07/548** *Date* ..........**13.11.2007**

**From : Director, SUDA**

**To : The Chairman**
**Guskara Municipality**

**Sub. : Recruitment of contractual Health employee for M & S Cell under Community Based Primary Health Care Services.**

**Ref. : Your communication bearing memo no. 396/GM dt. 02.07.2007.**

**Sir,**

~~As per instruction of the Dept. of Municipal Affairs,~~ I am directed to inform you that Municipal Level Health & FW Committee (MHFWC) may recruit the contractual personnel for M & S Cell under Community Based Primary Health Care (CBPHC~~)~~ Services. This ~~is~~ further to ~~intimate you~~ also say that selection of such personnel in other ULBs was done by MHFWC. ~~MHFWC of other ULBs implementing CBPHC took full responsibility on their own in selecting the above mentioned personnel.~~

Thanking you.

Yours faithfully,

**Director, SUDA**

C:\Dr. Goswami\RCH-63 ULBs\Letter Head ULBs(1).doc

2

Proposal prepage may kindly see.

No ULB has approached for preparation of question paper for recruitment of employees on contract for CBPAC services, except this supply.

There is a ULB level Health and Family Welfare Committee which may consider the selection process. Many ULBs have already engaged contractual personnel on their own. Therefore, we may not involve the Deptt for preparation of question paper, evaluation etc. We may inform accordingly.

26.10.07

Pr. Secretary

as proposed

30/10/07

33(3/3)

May kindly see the orders above for n.a.

31.10.07

Director, SUDA

PO(H)

5/11

State Urban Development Agency
5824
Received
- 5 NOV 2007

## State Urban Development Agency, Health Wing, West Bengal

**Sub. : Preparation of questionnaire for written test for the different posts of M & S Cell under Community Based Primary Health Care Services in Guskara Municipality.**

A copy of communication of the Chairman, Guskara Municipality bearing no. 592/GM dt. 17.08.2007 is* enclosed which speaks for itself.

*c/p - 1

Apropos communication of the Chairman, Guskara Municipality bearing no. 396/GM dt. 02.07.2007 (vide enclosure) the municipality requested Director, SUDA to have module question for the post of Sanitary Inspector, Computer Assistant, Accountant Assistant, Multipurpose Helper cum Clerk cum Storekeeper and Health Assistant. This is to mention here that all the posts are temporary with contractual emoluments for a period of one year for the present.

c/p - 2

As SUDA is involved in implementation of Community Based Primary Health Care Services in 63 Non-KMA ULBs, preparation of model questionnaire by SUDA would not be appropriate.

X Hence, Directorate of Local Bodies may be requested to prepare such model questionnaire for each of the posts as mentioned above, on the basis of which written examination could be conducted by the ULB.

UO No SUDA-Health/63 ULBs/07 ...

Submitted.

Noting at X may be approved.

3.10.07

3/10/07

Director, SUDA

J.O. No. SUDA-67/2006 ... dated 04-10-07

Pr. Secretary, M.A. Deptt. & Chairman, SUDA

J.S. (DM) may like to see for n/a ... 8/10/07

J.S. (S.B.)

As he has resumed, he may like to see.

15/12/07

C:\Dr. Goswami\RCH-63 ULBs\Notesheet.doc

SUDA

# STATE URBAN DEVELOPMENT AGENCY

**HEALTH WING**

**"ILGUS BHAVAN"**

H-C BLOCK. SECTOR-III, BIDHANNAGAR, CALCUTTA-700 091

West Bengal

*Ref No.* ............**SUDA-Health/63 ULBs/07/233** *Date* ...................... **13.07.2007**

**From : Director, SUDA**

**To : The Chairman**
**Guskara Municipality**

**Sub. : Recruitment of Contractual Health Employee for M&S Cell under Community Based Primary Health Care Services.**

**Ref. : Your communication bearing nos. 396/GM dt. 02.07.2007.**

**Sir,**

With reference to above, you are requested to discuss the issue of modus operandi for selection of contractual employee for M & S Cell in the meeting of the Municipal Health & Family Welfare Committee and to take decision in engaging experts / institution for preparation of model questionnaire. This matter may also be put up before BOC meeting.

Thanking you.

Yours faithfully,

**Director, SUDA**

C:\Dr. Goswami\RCH-63 ULBs\Letter Head ULBs(1).doc

*Tel/Fax No.: 359-3184*

9P-②

✆ : (03452) 255 164
255 767
FAX : 256-600

**OFFICE OF THE**

# GUSKARA MUNICIPALITY

**P.O. - Guskara, Dist. - Burdwan, Pin - 713128, W.B.**

**ESTD : 1988**

*Memo No. :* 396/GM

*Dated, Guskara, the* 02/07/2007

To
The Director,
State Urban Development Agency (SUDA),
Health Wing,
ILGUS Bhavan, HC Block, Sector-III,
Bidhannagar, Kolkata- 700106.

06 JUL 2007

*Sub : -Recruitment of contractual Health Employee namely- 1) Sanitary Inspector,2) Computer Asstt.,3) Accounts Asstt.,4) Multipurpose Helper-Cum-S.K. Clerk, 5) Health Asstt.*

*Ref : - Memo no- 111/MA/C-10/3S-55/2005. Dt. 02/02/2007.*
*&*
*SUDA-Health/63/ULBs/07/33. Dt. 20/04/2007.*

Madam,

As per directive conveyed under memo no cited above it is to state that we have already taken steps for recruitment of the above noted Health Employee through publicity.

Same application have been collected .

Date of their written Examination has not yet been fixed up.

Now you are hereby requested to supply same model Question for their written examination to keep the matter clean.

Thanking you,

Number of Question paper require

| | | |
|---|---|---|
| 1) Sanitary Inspector. | : | 08 |
| 2) Computer Asstt. | : | 14 |
| 3) Accounts Asstt., | : | 10 |
| 4) Multipurpose Helper-Cum-S.K. Clerk, | : | 19 |
| 5) Health Asstt. | : | 68 |

Yours faithfully,

Biswas
Chairman 02/7/07.
Guskara Municipality.

4P-①

✆ : (03452) 255 164
255 767
FAX : 256-600

# OFFICE OF THE
# GUSKARA MUNICIPALITY

P.O. - Guskara, Dist. - Burdwan, Pin - 713128, W.B.
ESTD : 1988

Memo No. : 5921/G.M.

4050 State Urban Development Agency Received 27 AUG 2007

Dated, Guskara, the 17.08.2007

To
The Director,
State Urban Development Agency (SUDA),
ILGUS Bhavan, HC Block, Sector- III,
Bidhannagar, Kolkata – 700106.

PO(H) 27/8

Office of ... 5916

28 AUG 2007

***Sub :*** ***Recruitment of Contractual Health Employee for M & S.Cell under Community Based Primary Health Care Services.***

***Ref :*** ***SUDA-Health/63 ULBs/07/233 dated 13.07.2007.***

Madam,

In response to the directives conveyed under Memo reference above it is to note that the matter was placed before the BOC dated 26.07.2007 as well as at the Meeting of the Municipal Level Health & Family Welfare Committee, and to state that BOC desire to collect the necessary question papers from the Office of the SUDA for transferency of the issue in question.

So she is requested to take up the issue with great importance for the sake of this Municipality.

Copy of the resolution of the BOC and the resolution of the Municipal Level Health & Family Welfare Committee are enclosed herewith for consideration as soon.

Thanking you,

Yours faithfully,

Binodhi
17-8-07.
**Chairman**
**Guskara Municipality.**

# গুসকরা পৌরসভা
## গুসকরা, বর্ধমান

**গুসকরা পৌরসভার কাউন্সিলার পর্ষদের সাধারন সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ ঃ**

তারিখ - ২৬-০৭-২০০৭ (বৃহস্পতিবার) সময় - বৈকাল ৩ টা স্থান ঃ মিটিং হল (ত্রিতল)

**উপস্থিত সদস্য/সদস্যাবৃন্দের নাম ঃ**

(১) শ্রী শ্রীকান্ত বাগদী (২) শ্রীমতী রেনুকা সাহা (৩) শ্রী অসীম দাস (৪) শ্রীমতী জামন্তা রায় (৫) শ্রীমতী শোভা দাস (৬) শ্রীমতী যুথিকা চৌধুরী (৭) শ্রী উত্তম মালিক (৮) শ্রী রবীন্দ্রনাথ পাত্র (৯) শ্রীমতী মল্লিকা চোংদার (১০) শ্রী সুবিমল গড়াই (১১) শ্রী সুবোধ মুখার্জী (১২) শ্রীমতী মমতা মল্লিক (১৩) শ্রী বিশ্বম্ভর মন্ডল (১৪) শ্রী বিনোদ চৌধুরী (১৫) শ্রী মিহির কুমার দাস ।

*মাননীয় শ্রী বিনোদ চৌধুরী মহাশয় অত্র সভায় সভাপতির আসন গ্রহণ করিলেন এবং নির্ধারিত আলোচ্যসূচী অনুযায়ী সকল বিষয় গুলি আলোচনান্তে নিম্নলিখিত ভাবে সিদ্ধান্ত গ্রহণ করা হইল।*

**সিদ্ধান্ত নং -০১ ঃ -**

গত ২৮-০৬-২০০৭ তারিখে অত্র পৌর কাউন্সিলার্স পর্ষদের সাধারণ সভায় নিম্নলিখিত সংযোজন ও পরিবর্তন (মডিফিকেশন) সহ গৃহীত সিদ্ধান্ত গুলি সঠিকভাবে নথিভূক্ত হওয়ায় সর্বসম্মতিক্রমে দৃঢ়িকরণ করা হইল।

১(ক) আলুটিয়া তেলমিলের প্রাচীর নির্মান সংক্রান্ত বিষয়ে উক্ত ওয়ার্ডের সদস্য-সচিব মহাশয়ের লিখিত বক্তব্য পাওয়া গিয়াছে সুতরাং তাকে ঐ জায়গায় একটি সাইট প্লান প্রদানের জন্য নোটিশ জারী করা হইক ।

১(গ) বি.পি.এল খসড়া তালিকা প্রকাশের পর অর্ন্তভুক্তি ও বিয়োজন সম্পর্কে আপত্তি পাওয়ার পর শুনানির কাজ চলিতেছে । এই কাজটি দ্রুত সমাধান করিবার ক্ষেত্রে কাউন্সিলার্সগণকে সক্রিয় সহযোগিতা করিবার জন্য চেয়ারম্যান মহাশয়কে অনুরোধ জানাইলেন ।

(ঙ) বার্ধক্য ভাতার সংরক্ষিত তালিকা প্রস্তুতির জন্য নিম্নোক্ত ওয়ার্ডের উল্লেখিত সংখ্যাক উপভোক্তাদের অগ্রাধিকার তালিকা প্রদান এবং উল্লেখিত উপভোক্তাদের আবেদন পত্র পূরণের জন্য পৌরকরণে উপস্থিত করাইবার জন্য সংশ্লিষ্ট কাউন্সিলাবৃন্দকে পুনরায় অনুরোধ করা হইল ।

| ওয়ার্ড নং | সংখ্যা |
|---|---|
| ০৫ | ০১ |
| ০৭ | ০৪ |
| ০৯ | ০৫ |
| ১৪ | ০২ |

**সিদ্ধান্ত নং- ০২-(ক)**

পৌর আইন নিয়মাবলী এবং অত্র পৌরসভার রেগুলেশন অনুসারে ১১ (এগারো) সংখ্যক সাইট প্লান অনুমোদনের জন্য অদ্যকার সভায় পেশ করা হইল । এই বিষয়ে পৌরসভায় অবর সহকারী বাস্তুকারের মন্তব্য বিবেচনা করা হইল এবং বিবেচনান্তে নিম্নলিখিত ১১ (এগারো) সংখ্যক সাইট প্লান অনুমোদন পাওয়ার যোগ্য বলিয়া বিবেচিত হওয়ায় উহা অত্র সভায় সর্ব্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।

| ক্রমিক নং | রানিং ক্রমিক নং | আবেদনকারীর নাম | হোল্ডিং নং | রাস্তার নাম | ওয়ার্ড নং | দাগ নং | মৌজা |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ৩৯ | লক্ষী নাগ | ৭১/১/এন | সিনেমাতলা "বি" | ০৪ | ৬৮৩ | গুসকরা |
| ০২ | ৪০ | সত্য পাল | ৩৭/৪৪২ | বাসন্তপুর | ০৮ | ৭৬ | ইটাচাঁদা |
| ০৩ | ৪১ | সাবিত্রি বন্দোপাধ্যায় | ৫৬/২০/এন | রেজিষ্ট্রার অফিস | ১৬ | ৩৭৩১ | গুসকরা |
| ০৪ | ৪২ | রাজ কিশোর এবং নিরাঞ্জন ঠাকুর | ১১/৭/এন | আউসগ্রাম রোড | ০৫ | ৫০৩ | গুসকরা |
| ০৫ | ৪৩ | সৌমেন পাঁজা | ১৫২/এ | সিউড়ী রোড | ০৯ | ২৩১৪ | গুসকরা |
| ০৬ | ৪৪ | সুকান্ত দেবনাথ | ২০৩ | স্টেশন রোড | ১৩ | ২৯০৪ | গুসকরা |
| ০৭ | ৪৫ | অশোক কুমার পাল | ৮৮/২০২ | বেনিয়াপুকুর রোড | ০৪ | ৩০৪৯ | গুসকরা |
| ০৮ | ৪৬ | ভারতী রানী ভুমি | ১১/০৮ | হাটতলা রোড | ১১ | ১০৯৭ | গুসকরা |
| ০৯ | ৪৭ | রাজকিশোর আঁশ | ৩/এ | পুলিশ ফাঁড়ি রোড | ১২ | ১২৬১ | গুসকরা |
| ১০ | ৪৮ | বাসুদেব মাজি | ৫/৪৩ | অকুড়ে পাড়া রোড | ১১ | ১০১৩ | গুসকরা |
| ১১ | ৪৯ | শিবা প্রসাদ সিনহা এবং দেবিকা সিনহা | ১৪৬/৯১ | আউসগ্রাম রোড | ০৫ | ৪৯৮ | গুসকরা |

<u>সিদ্ধান্ত নং- ২(খ)</u> পৌর আইন নিয়মাবলী এবং অত্র পৌরসভার রেগুলেশন অনুসারে ০৬ (ছয়) সংখ্যক বাড়ীর নকশা অনুমোদনের জন্য অদ্যকার সভায় পেশ করা হইল। এই বিষয়ে পৌরসভার অবর সহকারী বাস্তুকারের মন্তব্য বিবেচনা করা হইল এবং বিবেচনান্তে নিম্নলিখিত ০৬ (ছয়) সংখ্যক বাড়ীর নকশা অনুমোদন পাওয়ার যোগ্য বলিয়া বিবেচিত হওয়ায় উহা অত্র সভায় সর্ব্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল ।

| ক্রমিক নং | রানিং ক্রমিক নং | আবেদনকারীর নাম | হোল্ডিং নং | রাস্তার নাম | ওয়ার্ড নং | দাগ নং | মৌজা |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ৩৫ | ছবি সাউ ও অন্যান্য – | ১৬/১৬ | দুপুরপুকুর রোড | ১৬ | ৩৭২৪, ৩৭২৪ ৪৯১১ | গুসকরা |
| ০২ | ৩৬ | সবিতা বন্দ্যোপাধ্যায় | ৫৬/২০/এন | রেজিষ্টার অফিস | ১৬ | ৩৭৩১ | গুসকরা |
| ০৩ | ৩৭ | জয়ন্ত কুমার ও সিদ্ধাথ বিশ্বাস | ৯৩/১/এন | সিনেমাতলা "বি" | ০৪ | ৬১০ | গুসকরা |
| ০৪ | ৩৮ | ভারতী রানী ভূমি | ১১/০৮ | হাটতলা রোড | ১১ | ১০৯৭ | গুসকরা |
| ০৫ | ৩৯ | দিনবন্ধু আঁশ | ৬/২/ডি | পুলিশ ফাঁড়ি | ১২ | ১২৫৯ | গুসকরা |
| ০৬ | ৪০ | সমীর বাগ্দী | | | ১৩ | ২৭৬২ | গুসকরা |

<u>সিদ্ধান্ত নং -(৩)ঃ-</u> পৌর আইন ও নিয়মানুযায়ী ০৫(পাঁচ) সংখ্যক আবেদনকারী মিউটেশনের জন্য আবেদন করিয়াছেন তাহা অদ্যকার সভায় পেশ করা হইল । মিউটেশনের জন্য উক্ত আবেদন পত্র গুলি আলোচনান্তে অনুমোদন করা হইল এবং ০৫ (পাঁচ) সংখ্যক অনুমোদিত তালিকা শেষ পৃষ্ঠায় সংযোজিত হইল ।

<u>সিদ্ধান্ত নং -(৪)ঃ-</u> অত্র সভায় চেয়ারম্যান মহাশয় শিক্ষা, স্বাস্থ্য ও দারিদ্র্য দূরিকরণ স্ট্যান্ডিং কমিটি এবং পাবলিক ওয়ার্কস স্ট্যান্ডিং কমিটির সভায় গৃহীত প্রস্তাবাবলী উত্থাপন করিলেন এবং আলোচনান্তে নিম্নলিখিত ভাবে সিদ্ধান্তগুলি গৃহীত হইল ।

**<u>(ক) শিক্ষা স্বাস্থ্য ও দারিদ্র্য দূরিকরণ স্ট্যান্ডিং কমিটির গত- ১২-০৭-২০০৭ তারিখের সভায় গৃহীত প্রস্তাবাবলী নিম্নলিখিতভাবে গৃহীত হইল ।</u>**

১) ধারাবাহিক শিক্ষা কেন্দ্রগুলি পরিচালনার জন্য কেরোসিন তেলের অর্থ কেন্দ্রগুলিকে দেওয়া হইলেও উক্ত তেল ডিলার দের কাছে না ( অ্যালোটমেন্ট ) আসায় কেন্দ্র পরিচালনায় অসুবিধা হইতেছে । যাহাতে কেন্দ্রগুলি কেরোসিন তেল পায় যে জন্য জেলাস্তরে আলোচনা করিয়া যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয়া ভাইস চেয়ারম্যান মহাশয়াকে অনুরোধ করা হইল ।

এছাড়া কেন্দ্র গুলির শিক্ষা উপকরণ ক্রয়ের জন্য জেলা দপ্তর কতৃক প্রাপ্ত অর্থের বিনিময়ে দ্রুত জিনিসপত্র ক্রয় করিবার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ও মাননীয়া ভাইস চেয়ারম্যান ও দায়িত্ব প্রাপ্ত কাউন্সিলার মাননীয়া রেনুকা সাহাকে মহাশয়াবৃন্দ যৌথভাবে দায়িত্ব অর্পন করা হইল ।

২) প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের স্বাস্থ্য পরীক্ষার জন্য প্রয়োজনীয় উদ্যোগ ও ব্যবস্থা গৃহীত হইয়াছে । আগামী ১৭/০৭/২০০৭ হইতে

-২-

উক্ত স্বাস্থ্য পরীক্ষার কাজ শুরু এবং আগামী ০৭/০৮/২০০৭ তারিখে উক্ত কাজ শেষ হইবে । সামগ্রিক বিষয়টি পরিচালনার জন্য পৌরসভার মেডিক্যাল অফিসার (হোমিও) আলোক দেব কে দায়িত্ব দেওয়া হইল।

৩) হিন্দি প্রাথমিক বিদ্যালয়ের বিভিন্ন পরিচলন ক্ষেত্রে অসুবিধা লক্ষ্য করা যাইতেছে । উক্ত ত্রুটি দূর করিবার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয়া ভাইস চেয়ারম্যান শ্রীমতী যুথিকা চৌধুরী মহাশয়াকে দায়িত্ব দেওয়া হইল ।

৪) পশ্চিমবঙ্গ সরকার কতৃক নির্দিষ্ট যুব সাংসদ প্রশ্নোত্তর প্রতিযোগিতা আগামী ২০/০৭/২০০৭ গুসকরা বালিকা বিদ্যালয়ে বেলা ১ টায় অনুষ্ঠিত হইবে । সকলকে উপস্থিত থেকে ছাত্র ছাত্রীদের উৎসাহিত করার জন্য অনুরোধ জানানো হইল ।

৫) রবীন্দ্রমুক্ত বিদ্যালয় দুটির ৩ জন শিক্ষক নিয়োগ অত্যন্ত জরুরী । এই নিয়োগ জেলা দপ্তর কর্তৃক অনুমোদিত হইয়াছে । দ্রুত উক্ত তিন জন শিক্ষক নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান মহাশয়কে দায়িত্ব দেওয়া হইল ।

৬) পৌর এলাকায় শিশুশ্রমিক বিদ্যালয় এর শিক্ষকদের ও কুকদের বেতন এবং খাদ্য দ্রব্যাদির মূল্য বাবদ অর্থ দীর্ঘ কয়েক মাস যাবৎ জেলা দপ্তর হইতে পাওয়া যায় নাই । ফলে উক্ত কেন্দ্র পরিচালনায় অসুবিধার সৃষ্টি হইতেছে । যাহাতে দ্রুত ঐ অর্থ পাওয়ার ক্ষেত্রে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা যায় তাহার জন্য চেয়ারম্যান মহাশয়কে দায়িত্ব দেওয়া হইল ।

৭) প্রাথমিক বিদ্যালয়ে "ভর্ত্তি সুনিশ্চিত করণ " কর্মসূচী সফল রূপায়নের লক্ষ্যে আগামী ১৯/০৭/২০০৭ সাধারণ সভা এবং সমীক্ষক দের প্রশিক্ষন আগামী ২১/০৭/২০০৭ অনুষ্ঠিত হইবে । সমীক্ষকরা ২২/০৭/২০০৭ হইতে সমীক্ষার কাজ শুরু করিবেন এবং সমীক্ষা ০৫/০৮/২০০৭ তারিখের মধ্যে সম্পন্ন করা হইবে । ২০ জন্য সমীক্ষকের নাম নির্দিষ্ট করা হইল এবং সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলার্স গণকে সহযোগিতা করার জন্য আহ্বান করা হইল ।

<u>(খ) পাবলিক ওয়ার্কর্স স্ট্যান্ডিং কমিটি র গত ১৯-০৭-২০০৭ তারিখের সভায় গৃহীত প্রস্তাবাবলী নিম্নলিখিত ভাবে গৃহীত হইল ।</u>

১) বর্ষা ও অতিবৃষ্টিতে ক্ষতিগ্রস্ত মূল রাস্তা গুলি ওয়ার্ড কমিটির সুপারিশের ভিত্তিতে মাটি ও মোরাম দ্বারা মেরামত করিবার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা স্থির হইল এবং সংশ্লিষ্ট কমিটির প্রেসিডেন্টকে দায়িত্ব দেওয়া হইল ।

২) পুরাতন পঞ্চায়েত অফিসের পাইকারী মাছ বিক্রয়ের জায়গাটির ছাদ ক্ষতিগ্রস্ত হইয়াছে এবং বৃষ্টির জল পড়িতেছে । উক্ত ছাদ মেরামত করিবার জন্য অত্র স্ট্যান্ডিং কমিটির গত ১৭/০৮/২০০৬ তারিখের ১০ নং সিদ্ধান্ত এবং ০৪/০৯/২০০৬ তারিখ ১(ঘ) নং সিদ্ধান্ত গ্রহন করা হইয়াছিল । উক্ত কাজটি অবিলম্বে করা হইবে । যেহেতু বাজার মূল্য বাড়িয়া গিয়াছে তাই অবর সহকারী বাস্তুকার কে পুনরায় প্ল্যান এস্টিমেট প্রস্তুত করিয়া তহবিল বিবেচনান্তে কাজটি শুরু করিবার ক্ষেত্রে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান মহাশয়কে দায়িত্ব দেওয়া হইল ।

৩) পৌরসভার অনুমোদিত নক্সা অনুয়ায়ী বাড়ী নির্মানের ক্ষেত্রে "বিল্ডিং মেটিরিয়ালস্" রাস্তার উপর ২৪ ঘন্টার বেশী সময় রাখিলে রাস্তা ক্ষতিগ্রস্ত হইতেছে এবং যাতায়াতে বাধার সৃষ্টি করিতেছে । সেই কারনে এ বিষয়ে আইনানুগ ভাবে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য পৌরসভার কার্য্যনির্বাহী আধিকারিককে দায়িত্ব দেওয়া হইল ।

৪) নলকূপ স্থাপন এবং পুনঃ স্থাপনের ক্ষেত্রে দীর্ঘ সূত্রতা হেতু পৌর পরিষেবা ব্যাহত হইতেছে । বিষয়টি তরান্বিত করিবার জন্য পৌরসভার কার্য্যনির্বাহী আধিকারিককে দায়িত্ব দেওয়া হইল ।

৫) নূতন রাস্তা ও নিকাশী ড্রেনের উপর ব্যবহারের জন্য হিউম পাইপ ও স্ল্যাব এর প্রয়োজন । এই বিষয়ে ওয়ার্ড কমিটির সুপারিশের ভিত্তিতে অবর সহকারী বাস্তুকারের সরেজমিনে দর্শনপূর্বক প্রয়োজনীয় অনুমোদন সাপেক্ষে পৌর কর্তৃপক্ষযথাযথ ব্যবস্থা গ্রহণ করিবেন ।

<u>সিদ্ধান্ত নং - ০৫</u>ঃ- অত্র সভায় চেয়ারম্যান মহাশয় নিম্নলিখিত বিলগুলি পেমেন্টের জন্য উত্থাপন করিলেন এবং সর্বসম্মতিক্রমে তাহা অনুমোদন করা হইল ।

| ক্রমিক নং | ঠিকানার/ সরকারকারীর নাম | অনুমোদিত বিলের ব্যয় বরাদ্দ | পরিমান | কাজের ধরন | ওয়ার্ক অর্ডার |
|---|---|---|---|---|---|
| ০১ | বিশ্বজিৎ ঘোষ | ১,৫৩,৩৭৫.০০ | ১,৩৯,৫৫৬.০০ | পাকা রাস্তা রিপেয়ার | ৬৪/জি.এম, তাং-১০/০৪/০৭ |
| ০২ | অসীম কুমার মাজি | ৩,৯৪,৭০৩.০০ | ৩,৯৪,৫০১.০০ | ঐ | ৬৪/জি.এম, তাং-১০/০৪/০৭ |
| ০৩ | দানব কর্মকার | ৩,৩০,৭৩৭.০০ | ৩,৮৬,১৪০.০০ | ঐ | ৬২/জি.এম, তাং-১০/০৪/০৭ |
| ০৪ | আউসগ্রাম আন.এমপ্লয়েড ইঞ্জিনিয়ার্স কোঃ অপঃ সোঃ লিঃ | ২,৭২,০৪৮.০০ | ২,৫৯,৯৮১.০০ | ঐ | ৬৭/জি.এম, তাং-১০/০৪/০৭ |
| ০৫ | রিলায়েবেল ইঞ্জিনিয়ার্স কোঃ অপঃ | ২,১২,৪০৫.০০ | ১,৯১,২৪৯.০০ | ঐ | ৬৬/জি.এম, তাং-১০/০৪/০৭ |
| ০৬ | মনোজ কুমার পাত্র | ৪,৩২,৮৮৫.০০ | ৪,১৮,৬৫৫.০০ | ঐ | ৬০/জি.এম, তাং-১০/০৪/০৭ |

উক্ত কাজের পেমেন্ট গুলি " Renovation of Damages of flood" খাত হইতে প্রাপ্ত ১৭,৩৪,০০/- টাকা এবং " M.V.Tax " খাতহইতে প্রাপ্ত ৪,০৩,৩৬২/- টাকা হইতে করা স্থির হইল ।

১নং ও ২নং ক্রমিক নং এর বিলটি পেমেন্টের পূর্বে সভায় ঠিকাদার বৃন্দকে ডাকিয়া কাজের গুনমান সম্পর্কে কতিপয় অভিযোগের ভিত্তিতে সংশ্লিষ্ট কাউন্সিলারগণের উপস্থিতিতে আলোচনা সাপেক্ষে পেমেন্ট করা হইবে ।

উল্লেখিত রাস্তাগুলি রিপারিং হওয়ার পর বৃষ্টির জলে ক্ষতি গ্রস্ত হইলে সংশ্লিষ্ট ঠিকাদারবৃন্দকেই উক্ত রাস্তা গুলি রিপারিং করিয়া দিতে হইবে। এছাড়াও UIDSSMT স্কীমে জল প্রকল্পের দরপত্র আহ্বানের জন্য আনন্দবাজার পত্রিকায় ৫৫৩০০/- টাকা এবং গণশক্তি পত্রিকায় ১২০০০/- টাকার ঐ বিজ্ঞাপন বাবদ বিলটি উক্ত খাত হইতে প্রদান করা হইবে।

সিদ্ধান্ত নং- ০৬ ঃ- জওহরলাল নেহেরু ন্যাশানাল আরবান রিনিউল মিশনের অন্তর্ভুক্ত " UIDSSMT "নামে এই কেন্দ্রীয় প্রকল্পের মাধ্যমে অত্র পৌর সভায় ৭৮০.২৭ লক্ষ টাকার পানীয় জলের অনুমোদিত স্কীমটি সঠিক রূপায়নের জন্য প্রাথমিক কাজ হিসাবে অত্র পৌর এলাকায় কোন প্রতিষ্ঠিত এজেন্সী মারফৎ একটি কন্টুর ম্যাপ তৈরী করা হইবে।

কন্টুর ম্যাপ হইতে পানীয় জলের পাইপলাইন Laying এবং নিকাশী ব্যবস্থার পরিকল্পনা করা সম্ভবপর হইবে। সেই জন্য অত্র সভায় চেয়ারম্যান মহাশয় উক্ত কাজের জন্য কলকাতার STEELCONIC AND ASSOCIATES, 877/5/1G, Raja S.C. Mallik Road, Kolkara-47 নাম বরাবর এজেন্সীর প্রস্তাবটি বিস্তারিত ভাবে আলোচনা করিলেন এবং তাদের প্রস্তাবটি বিস্তারিত আলোচনান্তে অনুমোদিত হইল।

উক্ত কাজের পারিশ্রমিক বাবদ প্রতি কি.মি. এর জন্য ২০০০/ টাকা প্রদান সহ উক্ত এজেন্সীর টীমের সদস্যদের থাকা, খাওয়া, গাড়ী ব্যবস্থা ইত্যাদি পৌরসভা "পানীয় জল প্রকল্পের " contingency হইতে নির্বাহ করিবে।

আগামী দিনে জল প্রকল্পের Design পৌর কারিগরি অধিকরণ, বর্ধমান ডিভিশনের পক্ষে তৈরী করা সম্ভবপর না হইলে উক্ত এজেন্সীকে দিয়ে এই কাজটি ও করানো হইবে।

আগামী ৫০ বৎসর পর পৌরসভার জনসংখ্যার বৃদ্ধির বিষয়টি লক্ষ্য রেখেই পরিকল্পনা রচনা এবং গ্রহণ করা হইবে।

সিদ্ধান্ত নং- ০৭- পৌরসভার অবর সহকারী বাস্তুকার কর্তৃক প্রস্তুতকৃত প্রশাসনিক ভবনের দ্বিতীয় পর্য্যায়ে ( মিউনিসিপ্যাল ক্যান্টিনের উপর ) ২,২১, ৪৪৬.০০ টাকার ব্যয় বাবদ অনুমোদিত হইল। উক্ত ব্যয় Administrative Building খাত হইতে প্রাপ্ত অনুদান হইতে নির্বাহ করা হইবে।

উক্ত এস্টিমেট এম.ঈ. ডি , বর্ধমান ভিভিশন কর্তৃক অনুমোদিত হওয়ার পর সরকারী নিয়মে দরপত্র আহ্বানের মাধ্যমে দ্রুত কার্য্য শুরু করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য পৌরসভার কার্য্যনির্বাহী আধিকারিক মহাশয়কে দায়িত্ব দেওয়া হইল।

সিদ্ধান্ত নং - ০৮ ঃ- পৌর কারিগরি অধিকরণ বর্ধমান ডিভিশনের কার্য্যনির্বাহী বাস্তুকার মহাশয়ের গত ১২-০৭-২০০৭ তারিখ MED/ Bdn-347/111M/182/PT-1 নং পত্রাঙ্ক টি অত্র সভায় চেয়ারম্যান মহাশয় উথাপন করিলেন।

উক্ত পত্রাঙ্কে উল্লিখিত বিষয়ে আলোচনান্তে অত্র সভা পৌরসভায় স্থিত বর্তমান ফ্যাক্স মেশিন টি মাননীয় এক্সিকিউটিভ ইঞ্জিনিয়াল এম. ই. ডি বর্ধমান ডিভিশনকে দান হিসাবে প্রদান করিবার সিদ্ধান্ত গ্রহণ করা হইল এবং পৌর অফিসের ব্যবহারের জন্য ১৭-২০ হাজার টাকায় মধ্যে নতুন মডেলের একটি ফ্যাক্স মেশিন যথাযথ নিয়মে ক্রয় করিবার সিদ্ধান্ত গ্রহণ করা হইল।

সিদ্ধান্ত নং - ০৯ ঃ- Administrative Training Institute (ATI) কতৃক গত ১৮-০৭-২০০৭ তারিখে ১৬১- এ.টি. আই / ১১১ - ০৬/০৭-০৮ নং পত্রাঙ্কটি অত্র সভায় আলোচিত হইল।

উক্ত পত্রাঙ্ক অনুয়ায়ী পৌরসভার নিজ স্বার্থেই আরবান প্ল্যানার মৌমিতা ব্যানার্জ্জীকে Town Planning বিষয়ে প্রশিক্ষণের জন্য সবেতন ছুটি অনুমোদন করা হইল।

সিদ্ধান্ত নং- ১০ ঃ- স্ট্রীট লাইট রক্ষনাবেক্ষনের কাজটি আরও নিয়মিত করিবার জন্য এই কাজটি দুইটি জোনে ভাগ করিয়া পৃথক দুইটি সংস্থা বা এজেন্সীর দ্বারা পরিষেবাটিকে উন্নত করিবার জন্য চেয়ারম্যান মহাশয়ের প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে অনুমোদিত হইল।

| | | |
|---|---|---|
| জোন- ১ | ওয়ার্ডে নং- ১,২,৩,৪,৫,১৪,১৫,১৬ | ৮টি ওয়ার্ড |
| জোন- ২ | ওয়ার্ডে নং- ৬,৭,৮,৯,১০,১১,১২,১৩ | ৮টি ওয়ার্ড |

স্ট্রীট লাইট রক্ষনাবেক্ষনের কাজে নিযুক্ত এজেন্সীর মেয়াদ উর্ত্তীন হওয়ায় নতুনভাবে দরপত্র আহ্বানের জন্য পৌর সভার কার্য্যনির্বাহী আধিকারিক মহাশয়কে কে দায়িত্ব দেওয়া হইল।

বর্তমানে পুরাতন পদ্ধতিতে স্বল্পকালীন ১ বৎসর মেয়াদের জন্য দরপত্র আহ্বান করা হইবে। পরবর্ত্তী কালে পৌর এলাকায় সমস্ত বৈদ্যুতিক স্তম্ভে Asian Electronics Ltd. এর নিকট হইতে বাল্ব ক্রয় করিয়া উক্ত বৈদ্যুদিক স্তম্ভে লাগাইয়া বৈদ্যুদিক বিল বাবদ খরচ সাশ্রয় করা হইবে। এই কাজটি আগামী আর্থিক বৎসর হইতে কার্য্যকারী করা হইবে।

সিদ্ধান্ত নং -১০- ক) প্রয়াত কাউন্সিলার তারকেশ্বর পাত্র মহাশয়ের ১৮/০৩/২০০৫ তারিখে ৬০০ .০০ টাকার অগ্রিম Write off করা হইল

খ) আই. এল. সি. এস স্কীমটি কার্য্যকরী না হওয়ায় এলাহাবাদ ব্যাঙ্ক ধারাপাড়া শাখার আই. এল. সি. এস খাতে ৫/১১৮৩ নং সেভিংস এ্যাকাউন্ট বন্ধ করা স্থির হইল। উক্ত এ্যাকাউন্টে জমাকৃত টাকা তুলিয়া স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া, এ.ডি বি ইটাচাঁদা ব্রাঞ্চে জমা দেওয়া হউক। উক্ত স্কীমে উপভোক্তাদের অংশ হিসাবে যারা পৌর সভার টাকা জমা দিয়াছেন অথচ পায়খানা নির্মিত হয় নাই তাদের টাকা যথাযথ নিয়মে ফেরৎ দেওয়া হইবে।

গ) প্রনবানন্দ কো-অপারেটিভ ব্যাঙ্কটি বন্ধ হইয়া যাওয়ায় তাদের গুসকরা ব্রাঞ্চে পৌর সভার ৮২২ নং এ্যাকাউন্ট টি সহ জমাকৃত অর্থ Write off করা হইল।

ঘ) জাতীয় পরিবার সংস্থা স্কীমে ১০ নং ওয়ার্ডের উপভোক্তা শংকর মাজির নাম বরাবর ১০,০০০/- চেক কাটা হইলেও তিনি উক্ত চেক ৩ মাসের অধিক সময় অতিক্রান্ত হওয়া সত্ত্বেও না নিতে আসায় তার চেকটি বাতিল করা হইবে।

তথাপি সংশ্লিষ্ট কাউন্সিলার উক্ত ব্যাক্তির হদিশ না দেওয়ার পৌর সভার বড়বাবু মহাশয়কে এব্যাপারে পুনরায় এলাকায় খোঁজ লইয়া চেয়ারম্যানের সঙ্গে পরামর্শের মাধ্যমে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য দায়িত্ব দেওয়া হইল।

ঙ) বাস টার্মিনাসে Terminal Pavement and wheel ground এর জন্য ১৫, ৯৩,২৫৩.০০ টাকা ব্যয় বরাদ্দ প্রস্তুত হইয়াছে

। উক্ত এস্টিমেটে B.F. Slag ধরা হইয়াছে কিন্তু Boulder দিয়ে কাজ করিতে পারিলে উক্ত কাজটি আরও সুন্দর হইবে। সেক্ষেত্রে Boulder ধরিয়া Revised estimate করিয়া উক্ত এস্টিমেট পৌর কারিগরি আধিকরণ, বর্ধমান ডিভিশনের অনুমোদনের জন্য পাঠানো স্থির হইল।

চ) গুসকরা পি.এইচ.সি তে আলট্রা সোনোগ্রাফী বিভাগের Medical Assistant হিসাবে গোকুলানন্দ পাঁজা মহাশয়ের রোগী পিছু ৫.০০ টাকা পরিশ্রমিক পৌরসভা হইতে ববাদ্দ ছিল। বর্তমানে দ্রব্য মূল্য বৃদ্ধি হেতু ও তার আবেদনের পরিপ্রেক্ষিতে পরিশ্রমিক বৃদ্ধি করা উচিত মনে করিয়া অত্র সভা তার পরিশ্রমিক ৫.০০ টাকা হইতে ১০.০০ টাকা বৃদ্ধি করিলেন। এই বৃদ্ধি ফেব্রুয়ারী, ২০০৭ মাস হইতে কার্য্যকারী করা হইবে।

ছ) মিউনিসিপ্যাল রিক্রেয়শনে ক্লাবের চাঁদা নিয়মিত করিবার জন্য কাউন্সিলারদের প্রতি মাসের সাম্মানিক ভাতা হইতে গ্রহণ করিবার জন্য পৌরসভার কোষাধক্ষকে জানানো স্থির হইল।

জ) ৫ নং ওয়ার্ডের অঙ্গনওয়াড়ী কেন্দ্রের কর্মী নিবেদিতা ঘোষ মহাশয়ের দরখাস্তটি পঠিত হইল। উক্ত পত্রাঙ্ক তিনি জানাইয়াছেন যে রান্নার কিছু বাসনপত্র চুরি হওয়ার ফলে বর্তমান জায়গাটি নিরাপদ না হওয়ায় নতুন করে চালা ঘর নির্মানের বিষয়টি আলোচিত হইল। এব্যাপারে পৌরসভা কার্য্যনির্বাহী আধিকারিক মহাশয়কে দায়িত্ব দেওয়া হইল।

ঝ) ১১ নং ওয়ার্ডের বাসিন্দা শ্রী পরশ কুমার নাগ মহাশয়ের গুসকরা মৌজার ১১৫৬ নং দাগের সাইট প্ল্যান অনুমোদন সংক্রান্ত বিষয়ে আবেদন পত্র টি অত্র সভার পঠিত হইল এহং এ ব্যাপারে হেয়ারিং অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান মহাশয়কে দায়িত্ব দেওয়া হইল।

ঞ) পৌরসভার স্টোরে বেশ কিছু মালপত্র নষ্ট হইতেছে বা হইয়া গিয়াছে। এব্যাপারে নির্দিষ্ট করণ ও ক্ষতির কারণ জানিবার জন্য কাউন্সিলার শ্রী সুবোধ মুখার্জ্জীকে আহ্বায়ক করিয়া নিম্নলিখিত কমিটি গঠন করা হইল।

১) শ্রী সুবোধ মুখার্জ্জী ২) শ্রী বিশ্বম্ভর মন্ডল ৩) শ্রী সুবিমল গড়াই।

আগামী ১ মাসের মধ্যে উক্ত কমিটির রিপোর্ট পাওয়ার পর বোর্ড সভায় পরবর্ত্তী পদক্ষেপ গ্রহণ করা হইবে।

ট) নবনির্বাচিত কাউন্সিলার শ্রী সুবোধ মুখার্জ্জীকে নিম্নলিখিত কমিটি গুলিতে অনুর্ভুক্ত করা হইল।

১) ফিনান্স ও রিসোর্স মোবিলাইজেশন স্ট্যান্ডিং কমিটির সদস্য ও প্রেসিডেন্ট।
২) মিউনিসিপ্যাল এ্যাকউন্টস্ কমিটির সদস্য।
৩) পাবলিক হেলথ এ্যান্ড স্যানিটেশন স্ট্যান্ডিং কমিটির সদস্য।
৪) সম্পত্তিকর বিষয়ক রিভিউ কমিটির সদস্য
৫) সবজী বাজার তদারকি কমিটির সদস্য ও আহ্বায়ক।
৬) বিদ্যুৎ বিষয়ক দপ্তরের দায়িত্ব প্রাপ্ত হিসাবে কাজ করিবেন এবং কাজের সুবিধার্থে রবীন্দ্রনাথ পাত্রের সঙ্গে আলোচনা করিয়া লইবেন।

ঠ) স্পোটিং গ্রাউন্ডের উন্নয়ন মূলক কাজের জন্য ৪.৫ লক্ষ টাকায় এস্টিমেটের কাজ ডিপার্টমেন্টালি করা হইবে। স্পোটিং ইউনিয়ন ক্লাবের সদস্যগণের মধ্যে থেকে একটি উপভোক্তা কমিটি কাজটি তদারকি করিবেন। ভবিষ্যৎ প্রয়োজনের স্বার্থে উভয়ের মধ্যে একটি চুক্তিপত্র সম্পাদন করিয়া কাজটি অবিলম্বে শুরু করা হইবে।

ড) গত বোর্ড সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে গুসকরা মৌজার অন্তগর্ত ১৬ নং ওয়ার্ডে অবস্থিত ৩৭৭৮,৩৭৭৯, ৩৭৮৯ ও ৩৭৮৩ নং দাগে পৌরসভার নিজস্ব জায়গায় উপর মাত্র ৪৬ শতক পরিমান জায়গায় প্রস্তাবিত ফায়ার স্টেশন নির্মানের জন্য ফায়ার সার্ভিসেস দপ্তরের আধিকারিক বৃন্দ চিহ্নিত করিয়াছেন। উন্নয়ণের স্বার্থে পৌরসভার পক্ষে উক্ত পরিমান জায়গা সংশ্লিষ্ট দপ্তরকে দান করিবার সিদ্ধান্ত সর্ব্বসম্মতিক্রমে গ্রহণ করা হইল।

এছাড়াও তাহাদের মতানুযায়ী উক্ত জায়গাটি চূড়ান্ত অনুমোদন সাপেক্ষে রাস্তা ও Earth Filling এর কাজটি পৌর কর্তৃকপক্ষ নিজ তহবিল হইতে করিয়া দিবেন। এব্যাপারে একটি প্রস্তাব গত ১৬/০৭/২০০৭ Principal Secretary, W.B Fire & Emergency Services Deptt. কে পাঠানো হইয়াছে। তাহাও সর্ব্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।

ঢ) তুরুক ডাঙ্গা মৌজার ৫০২ নং দাগের সরকারী খাস জায়গা Inter Departmental হস্তান্তরের অর্ডার মোতাবেক জায়গাটি Possession জন্য বি.এল. এ্যান্ড এল আর ও আধিকারিক আউসগ্রাম- ১ কে জানানো হইবে। প্রাসঙ্গঁত তুরুক ডাঙ্গা মৌজার ৫০২ দাগে পৌরসভার নিজস্ব ১.৩৯ একর জায়গায় উপর কোর্ট কেসটি পৌর কর্তৃক নতুন ভাবে নিদ্দিষ্ট এ্যাডভোকেট নিয়োগ করিয়া এব্যাপারে ইতিবাচক পদক্ষেপ গ্রহন করিবেন।

ণ) বাস টার্মিনাসের অন্তর্ভুক্ত নীচু জায়গা পিছন দিক হইতে ফান্ড বিবেচনান্তে Earth Filling করা হইবে। উক্ত কাজের জন্য এস্টিমেন্ট প্রস্তুতের জন্য পৌর সভার অবর সহকারী বাস্তুকারকে দায়িত্ব দেওয়া হইল।

ত) গত ২৬-০৭-২০০৭ তারিখ পশ্চিমবঙ্গ সরকারের স্থানীয় স্বায়ত্তশাসন সংস্থার উপ অধিকর্তা মাননীয় জীবনকৃষ্ণ সাহা মহাশয়ের উপস্থিতিতে KUSP Roll out Programme বিষয়ক মনিটারিং মিটিং এ গৃহীত সিদ্ধান্ত সমূহ কাউন্সিলারদের জ্ঞাতার্থে নথিভূক্ত করা হইল।

ক) খসড়া উন্নয়ন পরিকল্পনার মূল চারটি ধাপের মধ্যে DDP র সুচনা কাজ সম্পূর্ন হওয়ার পর দ্বিতীয় ধাপে DDP তে প্রকল্প গুলি চূড়ান্ত করিবার কাজ চলিতেছে। বর্তমানে ওয়ার্ডভিত্তিক "সমস্যা চিহ্নিত করণ" কর্মশালার কাজ আরম্ভ হইয়াছে।

খ) ডি.পি.জি পলিশি গ্রুপ এর যাবতীয় সিদ্ধান্ত গুলি বোর্ড সভায় অনুমোদন করাইতে হইবে। বোর্ড সভায় KUSP Roll out Programme এজেন্ডা দিয়া আলোচনা করা হইবে।

গ) ডাবল এন্টি এ্যাকাউন্টিং সিস্টেমে ওপেনিং ব্যালান্স সীট সেপ্টেম্বর ২০০৭ মাসের মধ্যে প্রস্তুত করিতে হইবে। সরকারী প্যাকেজ অনুয়ায়ী Soft ware এর মাধ্যমে ০১/০৪/০৭ তারিখ হইতে বিল গুলি Dummy Entry করিতে হইবে।

ঘ) Socio-Economic Survey জন্য এজেন্সী এনগেজড করা হইবে ।

ঙ) সমস্যভিত্তিক চিহ্নিত করন কর্মশালায় যে বক্তব্য গুলি আসবে সেগুলি যেমন লিপিবদ্ধ হইবে সেইরূপ সেগুলি আমাদের করা অথবা এল না সেগুলি কাউন্সিলার গণ লিপিবদ্ধ করিবেন। আমাদের লক্ষ্য হওয়া উচিৎ বস্তি এলাকায় পিছয়ে পড়া মানুষের উন্নয়ন ।

চ) DFID অনুদানে খসড়া উন্নয়ন পরিকল্পনা রচনার কাজ চলিতেছে সুতরাং যদি আগে করা যায় তাহলে পরিকল্পনার সমস্ত টাকাই পাওয়া যাইবে । সুতরাং নির্দিষ্ট সময়ে একাজ সম্পূর্ণ করিতে হইবে ইহার জন্য সকল পৌরকর্মীগণকে পৌরসভার উন্নয়নের স্বার্থে অনুরোধ করা হইল ।

অত্র পৌরসভার সরকার ঘোষিত Incentive যাহাতে পাওয়া যায় তাহার সর্বতোভাবে চেষ্টা করা হইবে ।

ছ) AFC এ কাজে সহযোগিতা জন্য Data Entry Operator এনগেজড করা হইবে ।

উল্লেখিত কাজ গুলি পরীক্ষা করিবার জন্য DDLB Accounts expert পাঠাইবেন ।

জ) DDP এর Nodal Officer হইবেন URBAN PLANNER.

Accountants reforms এর Nodal Officer হইবেন ACCOUNTS & FINANCE CO-ORDINATOR.

Citizen Charter এর Nodal Officer হইবেন কার্য্যনির্বাহী আধিকারিক ।

থ) অত্র পৌর এলকায় নির্মানকার্য্য ও মেরামতি সংক্রান্ত Estimate তৈরী হওয়ার পর বোর্ড সভায় অনুমোদন সাপেক্ষে কার্য্যকারী করা হইবে ।

দ) H.H.W স্কীমে ৫ জন ব্যাক্তিকে এনগেজড করা হইবে । এব্যাপারে যথাযথ নিয়মে দরখাস্ত গুলি নথিভুক্ত করা হইয়াছে । ১০০ নম্বর প্রশ্নের মধ্যে ৬০ নম্বর লিখিত পরীক্ষা , ৩০ নম্বর এ্যাকাডেমিক এবং ১০ নম্বর মৌখিক পরীক্ষা হইবে । প্রশ্নপত্র তৈরী ও উত্তরপত্র পরীক্ষা করিয়া নম্বর দেওয়া ইত্যাদি কাজ গুলি সম্পাদনের জন্য SUDA কে অনুরোধ করা হইবে । H & F W Committee র মাধ্যমে যে ভাবে Selection Committee পূর্বে গঠিত হইয়াছে পুনরায় তাহারাই Interview লইবেন এবং চুড়ান্ত নিয়োগ করিবার জন্য মাননীয় চেয়ারম্যান মহাশয়ের নিকট সুপারিশ করিবেন ।

ধ) ২০০৭-২০০৮ আর্থিক বৎসরে সুশীলা খোঁয়াড় টি অত্র পৌরসভায় ২নং ওয়ার্ডের নিবাসী শ্রী উত্তম বজর মহাশয় ইজারা লইয়াছেন । বাৎসারিক ১০৬০.০০ টাকা উক্ত খোঁয়াড় হইতে পাওয়া যাইবে ।

ন) জি. আই. এস মাধ্যমে সংগৃহীত Data Up Date করিবার জন্য KMDA র Sr. Geophylogist মাননীয় শ্রী টি. কে. ঘটককে জানানো হইবে এবং তাহার সুপারিশ অনুয়ায়ী কোন অভিজ্ঞ ব্যক্তির মাধ্যমে কাজটি করা হইবে । উক্ত কাজের পারিশ্রমিক পৌরসভার তহবিল হইতে প্রদান করা হইবে ।

প) জননী সুরক্ষা যোজনায় পরবর্তী সহায়তা আগামী ৩০/০৭/২০০৭ তারিখ সোমবার প্রদান করা হইবে । কাউন্সিলারবৃন্দ উপভোক্তা তালিকা দেখিয়া উক্ত দিনে সকলকে হাজির করিবার ক্ষেত্রে সক্রিয়া ভুমিকা গ্রহণ করিবেন ।

ফ) পৌরকরণে জেনারেটার রুম নির্মানের জন্য ৬৮,৫৯৯.০০ টাকার ব্যয় বাবদ অনুমোদিত হইল । উক্ত অর্থ পৌর Administrative Building তহবিল হইতে প্রদান করা হইবে ।

ব) রিলায়েন্স কোম্পানীর দরখাস্তটি অত্র সভায় চেয়ারম্যান মহাশয় উথাপন করিলেন । উক্ত দরখাস্ত মোতাবেক তাদের কেবল লাইন Laying এর জন্য পৌরসভার নির্ধারিত রেট গ্রহণ করিয়া প্রয়োজনীয় অনুমতি দেওয়া স্থির হইল ।

ভ) ১৪নং ওয়ার্ডের ইটাচাঁদা গ্রামে জল নিকাশী সমস্যার কারণে ঐ এলাকায় বেশি কিছু বাড়ী জলবন্দী হয়ে যায় । উক্ত নিকাশী সমস্যার আশু সমাধানের জন্য খাগড়া পুকুরের মধ্যে দিয়ে যাতে আপাতত জল নিকাশ করা যায় সে বিষয়ে পুকুরের মালিক গণের সঙ্গে পৌরপতি ও স্থানীয় কাউন্সিলার এবং কাউন্সিলার রবীন্দ্রনাথ পাত্র মহাশয় একটি আলোচনায় পুকুর মালিকগণের সম্মতিতে স্থির হয় যে, এই বৎসর খাগড়া পুকুরের মধ্য দিয়ে গ্রামের জল নিকাশ করা হবে । এর ফলে পুকুরের যে আর্বজনা জমবে তা পৌরসভার পক্ষ থেকে এই বৎসরে পরিস্কার করা হবে । অন্যদিকে বর্তমান সময়ে পুকুরে মাছ চাষ করতে না পারার জন্য তার ক্ষতিপুরণ বাবদ পুকুর মালিকদের ২১,০০০.০০ ( একুশ হাজার) টাকা এককালীন পৌর তহবিল হতে দেওয়া হবে । ইটাচাঁদা গ্রামের জলনিকাশীর বিষয়টি বিবেচনা করে উপরোক্ত আলোচনার বিষয়বস্তু মাননীয় পৌর প্রধান মহাশয় সভায় উপস্থাপিত করলেন এবং বিস্তারিত আলোচনান্তে সামগ্রিক স্বার্থে এই সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হইল ।

অত্র সভার আর কিছু না থাকায় সভাপতি মহাশয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করিলেন ।

পৌরপ্রধান 2৬/৭/২০০৭

গুসকরা পৌরসভা

# গুসকরা মিউনিসিপ্যাল হেলথ এ্যান্ড ফ্যামিলি ওয়েলফেয়ার কমিটি

পোঃ- গুসকরা, জেলা- বর্ধমান

গুসকরা মিউনিসিপ্যাল হেলথ এ্যান্ড ফ্যালিলি ওয়েলফেয়ার কমিটির সাধারণ সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ ঃ-

তারিখ ঃ- ০২/০৮/২০০৭ , সময় ঃ- বৈকাল ৩ টায় , স্থান ঃ- পৌরকরণ মিটিং হল ।

সভায় উপস্থিত সদস্য বৃন্দের নাম ঃ-

১) ডাঃ নিশীথ বরণ মন্ডল - এ.সি.এম. ও . এইচ (এস), বর্ধমান ।
২) শ্রী সুপ্রিয় অধিকারী, বি.ডি.ও., আউসগ্রাম-১, গুসকরা।
৩) শ্রী বিনোদ চৌধুরী, চেয়ারম্যান, গুসকরা পৌরসভা।
৪) শ্রীমতী যুথিকা চৌধুরী, ভাইস-চেয়ারম্যান, গুসকরা পৌরসভা।
৫) শ্রীমতী রেনুকা সাহা, প্রেসিডেন্ট, হেলথ এ্যান্ড এডুকেশন স্ট্যান্ডিং কমিটি, গুসকরা পৌরসভা।
৬) শ্রী মিহির কুমার দাস, কার্য্যনির্বাহী আধিকারিক, গুসকরা পৌরসভা।
৭) শ্রী অনন্ত চ্যাটার্জী, প্রতিনিধি, গুসকরা টাউন লায়ন্স ক্লাব।
৮) ডাঃ শ্যামল কুমার দাস, প্রতিনিধি, রোটারী ক্লাব, গুসকরা।
৯) শ্রীমতী জয়া পন্ডিত, প্রেসিডেন্ট, সি ডি এস, গুসকরা।
১০) শ্রী অলোক দেব, মেডিক্যাল অফিসার, গুসকরা পৌরসভা।
১১) শ্রী উদয়ন রেজ, ডিলিং এ্যাসিসট্যান্ট, এইচ.এইচ.ডব্লু, গুসকরা পৌরসভা।

সিদ্ধান্ত সমূহ ঃ-

১) গুসকরা মিউনিসিপ্যাল হেলথ এ্যান্ড ফ্যামিলি ওয়েলফেয়ার কমিটির গত ০৭.০৫.২০০৭ তারিখের সাধারণ সভার সিদ্ধান্ত গুলি সভায় পাঠ করা হইল এবং সভায় বিস্তারিত আলোচনান্তে তাহা সর্ব্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হইল ।

২) গুসকরা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের যে ঘরটিতে আলট্রাসনোগ্রাফী মেশিনটি বসানো রহিয়াছে সেই ঘরটির ছাদ দিয়ে জল পড়ার ফলে উক্ত মেশিনটি অকোজো হইবার উপক্রম হইয়াছে । ফলতঃ মেশিনটি যাহাতে নষ্ট না হয় তাহার জন্য পৌরসভার কোন নির্দিষ্ট ঘরে স্থানান্তর করিয়া কাজ চালানো যায় তাহার জন্য সর্ববসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ করা হইল । পরে যখন স্বাস্থ্য কেন্দ্রের ঘরটি মেরামত হইয়া যাইবে তখন উক্ত মেশিনটি সেখানে পুনঃস্থাপন করা হউক।

এই প্রসঙ্গে আরও সিদ্ধান্ত গ্রহণ করা হইল যে যেহেতু উক্ত আলট্রাসনোগ্রাফী মেশিনটি মাননীয় স্পীকার (লোকসভা) শ্রী সোমনাথ চ্যাটার্জী মহাশয়ের নিজ উন্নয়ন তহবিল হইতে দান করিয়াছেন সেইহেতু তাহাকে উক্ত বিষয়টি অবগতির মাধ্যমে তাহার অনুমতি লওয়া যাইতে পারে।

এই ছাড়াও গুসকরা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে যে এক্সরে মেশিনটি অব্যবহৃত অবস্থায় পড়িয়া রহিয়াছে তাহা পুনরায় চালু করিবার সিদ্ধান্ত গৃহীত হইল এবং উক্ত এক্সরে মেশিনটি চালানোর জন্য একজন টেকনিশিয়ান নিয়োগের জন্য পুনরায় যথাযথ ভাবে দরখাস্ত আহ্বান করিবার জন্য মাননীয় মুখ্য স্বাস্থ্য আধিকারিক, বর্ধমান মহাশয়কে অনুরোধ করা হইল । বিজ্ঞাপন বাবদ যাহা ব্যয় হইবে তাহা পৌর তহবিল হইতে প্রদান করা হইবে ।

৩) সমষ্টি ভিত্তিক স্বাস্থ্য পরিষেবার লক্ষ্যে যে ৫ (পাঁচ) জন কর্মী নিয়োগের জন্য দরখাস্ত আহ্বান করা হইয়াছিল তাহাদের তালিকা সভায় পেশ করা হইল । উক্ত দরখাস্ত গুলি স্ক্রুটিনি কমিটির দ্বারা সরকারী নির্দেশনামা অনুয়ায়ী তাহা বাছাই করিয়া নির্দিষ্ট সংখ্যক আবেদনকারীর তালিকা আগামী সিলেকশন কমিটির সভায় পেশ করার সিদ্ধান্ত গৃহীত হইল ।

সিলেকশন কমিটি কর্ত্তৃক মনোনীত প্রার্থী দের ৬০ নম্বর লিখিত , ৩০ নম্বর তার শিক্ষাগত যোগ্যতা ও ১০ নম্বর মৌখিক পরীক্ষার মাধ্যমে তাকে অস্থায়ীভাবে চুক্তির ভিত্তিতে নিয়োগ করা হইবে । উক্ত লিখিত পরীক্ষার প্রশ্নপত্রের বিষয়ে গত

১৩/০৭/২০০৭ তারিখ SUDA Health/63,ULBS/07/233 নং পত্রাঙ্ককে সুডা কর্তৃক প্রশ্নপত্র প্রস্তুতের বদলে স্থানীয় বিশেষজ্ঞ মারফত করার কথা জানালেও অদ্যকার সভায় পুনরায় সিদ্ধান্ত গ্রহন করা হইল যে, উক্ত প্রশ্নপত্র এবং লিখিত পরীক্ষার খাতা দেখা সহ সমস্ত বন্দোবস্ত সুডাকেই করার জন্য অনুরোধ জানানো হইল ।

প্রসঙ্গত উল্লেখ্য গত 02.07.07 তারিখ পৌরসভার সহকারী স্বাস্থ্য পরিদর্শক তাহার প্রেরিত পত্রে জানাইয়াছেন যে, চুক্তির ভিত্তিতে স্বাস্থ্য পরিদর্শক নিয়োগের পরিবর্তে তাহাকে অল্প সাম্মানিকের বিনিময়ে অতিরিক্ত হিসাবে যেন কাজ করানো হয় । সভা বিষয়টি একজনের কর্মসংস্থানের পাশাপাশি পৌরসভার বর্দ্ধিত কার্য্যের তদারকির সুবিধার্থে তাহার আবেদন না মঞ্জুর করিলেন এবং চুক্তির ভিত্তিতে নিয়োগের সিদ্ধান্ত বহাল রাখিলেন ।

৪) পৌর এলাকায় সমষ্টি ভিত্তিক স্বাস্থ্য পরিষেবা দেবার জন্য যে ৪ (চার) টি সাব-সেন্টার খোলার কথা জানাইয়াছেন তাহা নিম্নলিখিত ভাবে যাহাতে খোলা যায় তাহার জন্য জায়গা নির্দ্দিষ্ট করণের বিষয়ে শ্রী আলোক দেব ও শ্রী উদয়ন রেজ মহাশয়কে যৌথভাবে দায়িত্ব অর্পন করা হইল ।

| সাব সেন্টার নং | ওয়ার্ড নং | সাবসেন্টারের অবস্থান |
|---|---|---|
| ০১ | ১,২,৩,৪ | হিন্দী স্কুল / স্পোর্টিং ক্লাব, ওয়ার্ড নং -৯ |
| ০২ | ৫,১০,১১,১২ | ১০ নং ওয়ার্ড |
| ০৩ | ৬,৭,৮,৯ | ব্লকের দোকান ঘর , ওয়ার্ড নং - ৯ |
| ০৪ | ১৩,১৪,১৫,১৬ | শান্তিপুর , ওয়ার্ড -১৬ |

৫) উক্ত সাব-সেন্টার গুলির জন্য একজন ডাক্তার বাবু নিয়োগ করা হইবে ( হেলথ অফিসার)। তাকে চুক্তির ভিত্তিতে ৮০০০/- (আট হাজার) টাকা বেতন দেওয়া হইবে । উক্ত নিয়োগের জন্য যথাযথ নিয়মানুযায়ী দরখাস্ত আহ্বান করা হইবে । এই বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় ডাঃ শ্যামল দাস মহাশয়কে দায়িত্ব অর্পন করা হইল ।

৬) পৌরসভা পরিচালিত পলি ক্লিনিক পরিচালনা সম্পর্কে জানা যায় যে গত ১ বৎসরে মোট ১০৩ জন রোগী উক্ত চিকিৎসালয়ে চিকিৎসা করিয়েছেন । সভায় উপস্থিত ব্যক্তিবর্গ উক্ত তথ্যে অসন্তোষ প্রকাশ করিলেন । এবিষয়ে পলি ক্লিনিক সম্পর্কে প্রচারের অভাবকেই দায়ী করা হয় । আগামী দিনে যাহাতে বেশী বেশী করে প্রচার করে রোগী আনা যায় সেবিষয়ে একটি প্রচার পুস্তিকা তৈরী করে তাহা সি.ডি. এস. , স্বেচ্ছাসেবী স্বাস্থ্য কর্মী ও অন্যান্যদের মধ্যে বিলি বন্টন করার সিদ্ধান্ত গৃহীত হইল। ইহা কার্যকরী করার জন্য পৌর সভার স্বাস্থ্য আধিকারিক মহাশয়কে দায়িত্ব দেওয়া হইল।

এছাড়াও সপ্তাহের নির্দিষ্ট দিনগুলি ছাড়াও সপ্তাহের আরো ১ (এক) দিন পৌরসভার মেডিক্যাল অফিসার (হোমিও) পৌর পলি ক্লিনিকে হোমিওপ্যাথি চিকিৎসা করিবেন । এবিষয়ে তিনি আগষ্ট, ২০০৭ মাসের মধ্যে যথাযথ পদক্ষেপ গ্রহণের মাধ্যমে তাহার অন্যান্য কার্য্যের পাশাপাশি চিকিৎসার কার্য্য শুরু করিবেন ।

৭) (ক) গত ০২/০৭/২০০৭ তারিখ পৌরসভার স্বেচ্ছাসেবী স্বাস্থ্য কর্মীরা লিখিত দরখাস্তের মাধ্যমে জানাইয়াছেন যে তাদের এই বর্ষা মরশুমে বাড়ী বাড়ী ঘুরে কাজ করার জন্য ছাতার প্রয়োজন । সভা উক্ত বিষয়টি বিবেচনা করিয়া তাহাদের জন্য ছাতা ক্রয়ের সিদ্ধান্ত গ্রহণ করিলেন ।

তাছাড়াও উক্ত কর্মীদের বিশেষ ভাবে চিহ্নিত করনের জন্য নির্দিষ্ট এ্যাপ্রন জাতীয় ব্লেজার দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হইল ।

(খ) প্রশিক্ষন প্রাপ্ত অতিরিক্ত ৫ (পাঁচ) জন স্বাস্থ্য কর্মীরা নিয়মিত স্বাস্থ্য কর্মীদের সঙ্গে বাড়ী বাড়ী ঘুরে যথেষ্ট সুনামের সঙ্গে কাজ করছেন কিন্তু তারা কোন সাম্মানিক পাচ্ছেন না । তাই উক্ত অতিরিক্ত ৫ (পাঁচ) জন স্বাস্থ্য কর্মীকে কনটিনজেন্সী খাত হইতে কিছু টাকা দেবার সিদ্ধান্ত নীতিগত ভাবে গ্রহণ করা হইল।

(গ) বেস লাইন সার্ভে -এর প্রয়োজনে ওয়ার্ড অনুযায়ী নির্দিষ্ট সংখ্যক ফর্মে পৌর মেডিক্যাল অফিসার শ্রী অলোক দেব মহাশয় স্বাক্ষর করিবেন।

(ঘ) জননী সুরক্ষা যোজনায় উপভোক্তাদের দেয় টাকা না থাকায় পুনরায় ফান্ড অনুমোদনের জন্য জানানো হউক। উক্ত উপভোক্তাদের চিহ্নিত করণের জন্য আই.সি. ডি. এস . ও এইচ.এইচ.ডব্লুই. কর্মীদের নিয়ে একটি সভা করিবার সিদ্ধান্ত গৃহীত হইল। উক্ত বিষয়ে চিঠি পাঠানো ও মিটিং ডাকার জন্য শ্রী অলোক দেব মহাশয়কে দায়িত্ব দেওয়া হইল।

(ঙ) বর্ত্তমানে পৌর এলাকায় লাইগেশন করানোর জন্য অনেক মহিলা রয়েছেন যারা সরকারী ভাবে করাতে চান। উক্ত শিবির আগামী নভেম্বর, ২০০৭ হইতে ফেব্রুয়ারী, ২০০৮ মাস পর্যন্ত মাসে ১ বার করিয়া করানোর সিদ্ধান্ত গৃহীত হইল। এবিষয়ে পৌর এলাকার জন্য বিশেষ শিবির করিবার যাবতীয় চিঠিপত্র আদান-প্রদানের জন্য ও ব্যবস্থা গ্রহনের জন্য শ্রী অলোক দেব মহাশয়কে দায়িত্ব অর্পন করা হইল।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকার সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্য্যের সমাপ্তি ঘোষনা করিলেন ।

সভাপতি 02/11/07

গুসকরা পৌরসভা।